

চট্টগ্রামে জেএসসি পরীক্ষার্থী ২ লাখ ৯ হাজার

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ২ নভেম্বর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- অ অ+

এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে দুই লাখ আট হাজার ৯৮৮ জন শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র ৯২ হাজার ৫৫৯ জন এবং ছাত্রী এক লাখ ১৬ হাজার ৪২৯ জন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ইতিহাসে জেএসসি পরীক্ষার্থীর সংখ্যা এবারই সর্বোচ্চ। ২০১৮ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল দুই লাখ পাঁচ হাজার ৫৩৭।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ মাহবুব হাসান জানান, ২৩১টি কেন্দ্রে জেএসসি পরীক্ষা হবে। মোট এক হাজার ২৭৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নিচ্ছে। কেন্দ্র পরিদর্শনের জন্য ১০টি পরিদর্শকদল গঠন করা হয়েছে।

নির্দেশনা অনুযায়ী পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রগ্রামিং ক্যালকুলেটর ও মোবাইল ফোন ব্যবহার করা যাবে না। শুধু কেন্দ্র সচিব একটি সাধারণ ফোন ব্যবহার করতে পারবেন। পরীক্ষা শুরু হওয়ার আধাঘণ্টা আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে।